



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৫

তারিখঃ ০৬ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০১৫ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

তৈরি পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ঈদ-উল-আযহার পূর্বে
২৪ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিজিএমইএ-এর অনুরোধে জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা, চট্টগ্রাম, বেনাপোল, আইসিডি ও কমলাপুর, ঢাকা শুল্ক স্টেশনসমূহ আগামী ২৪ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, রপ্তানীমুখী তৈরি পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক উল্লিখিত কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ আগামী ২৪ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ বৃহস্পতিবার খোলা রাখার পরামর্শ দেয়া যাচ্ছে।

২৪ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ বৃহস্পতিবার সরকারী ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদের সম্মানজনক ও যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭